

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা

(৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৪০.০০৩.২১.১২০

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯

২৭ মার্চ ২০২৩

বিষয়: দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলার জয়পুর ফতেহ আলী ফাযিল মাদ্রাসার সহকারী শিক্ষক (গণিত) বিষয়ে অবৈধভাবে অতিরিক্ত শিক্ষক নিয়োগ ও সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান) পদে ০২ শিক্ষক নিয়োগের অভিযোগ এবং এমপিও শীটে গণিত ও সমাজবিজ্ঞান বিষয় সংযোজন ও সংশোধনের আবেদন সংক্রান্ত অভিযোগ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.৪০.০০৩.২১.১২০; তারিখ: ১৩.১১.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলার জয়পুর ফতেহ আলী ফাযিল মাদ্রাসায় সরকারি বিধি লঙ্ঘন করে জনাব মো: মাহবুব রহমান, সহকারী শিক্ষক (গণিত) এর একই পদে অবৈধভাবে অতিরিক্ত শিক্ষক নিয়োগ ও সরকারি বিধি ২০১০ লঙ্ঘন করে মোছাঃ আয়েশা সিদ্দিকী, সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান) এর পদে ২ জন শিক্ষক নিয়োগের অভিযোগ এবং এমপিও শীটে গণিত ও সমাজবিজ্ঞান বিষয় সংযোজন ও সংশোধনে আবেদন সংক্রান্ত অভিযোগের বিষয়টি বিধি মোতাবেক নিম্নলিখিত লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত স্মারকে অত্র অধিদপ্তরে একটি পত্র প্রেরণ করা হয়। অভিযোগের আবেদনগুলো নিম্নলিখিত লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন কার হলো:

১। মো: জাকির হোসাইন, উপ-পরিচালক (প্রশাসন)- আহবায়ক

২। মো: বাদশা মিয়া, পরিদর্শক (রংপুর বিভাগ)- সদস্য

৩। মো: ইসমাইল হোসেন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)- সদস্য সচিব

০২। এমতাবস্থায়, উপরিউক্ত অভিযোগের বিষয়গুলো যাচাই বাছাই করে তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ২২ ফেব্রুয়ারী ২০২৩ তারিখের ৫৭.২৫.০০০০.০১০.১০.০০১.২৩.৩০০ নং স্মারকের আদেশটি বাতিল করা হলো।
সংযুক্তি: ০৫ ফর্দা

২৭-৩-২০২৩

মো ইসমাইল হোসেন

সহকারী পরিচালক

বিতরণ :

১) জনাব মো: জাকির হোসাইন, উপ-পরিচালক

(প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

২) জনাব মো: বাদশা মিয়া, পরিদর্শক (রংপুর বিভাগ),

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৩) জনাব মো: ইসমাইল হোসেন, সহকারী পরিচালক

(সরকারি ও সিনিয়র মাদ্রাসা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৬.০০১.২৩.১৮২/১(৪)

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯

২৭ মার্চ ২০২৩

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।
- ৩) সভাপতি/অধ্যক্ষ, জয়পুর ফতেহ আলী ফাযিল মাদ্রাসা, চিরিরবন্দর, দিনাজপুর।
- ৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



২৭-৩-২০২৩

মো ইসমাইল হোসেন

সহকারী পরিচালক